# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) স্নাতক যুবক যুবতীদের সহায়তা করার উদ্দেশ্যে দক্ষতা , নিয়োগ ও উদ্যমিতা বিভাগের উদ্যোগে আজ মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা প্রকল্পের সূচনা।

২) রাজ্যের মহিলারা কর্মপ্রেরণার মাধ্যমে কর্ম সংস্কৃতির সৃষ্টি করছেন বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য ।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের অনুমোদনের পর জুবিন গার্গের মৃত্যুর ঘটনার তদন্তের অভিযোগনামা ১০ই ডিসেম্বরের মধ্যে দাখিল করা হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

এবং

৪) বিশ্বকাপ জয়ী মহিলা ক্রিকেট দলকে ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রন পর্ষদের ৫১ কোটি টাকার পুরষ্কার ঘোষনা ।

---------------------------------------------------------------------------------

স্নাতক যুবক যুবতীদের সহায়তা করার উদ্দেশ্যে দক্ষতা , নিয়োগ ও উদ্যমিতা বিভাগের উদ্যোগে আজ মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা প্রকল্পের সূচনা করা হয়েছে । দিসপুরের লোকসেবা ভবনে এ উপলক্ষে আজ বিকেলে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এই প্রকল্পটির উদ্ভোধন করেন । অনুষ্ঠানে দক্ষতা , নিয়োগ ও উদ্যমিতা বিভাগের মন্ত্রী প্রশান্ত ফুকন ও উপস্থিত ছিলেন । এই প্রকল্পের মাধ্যমে চাকুরীর সন্ধানে থাকা যুবক যুবতীদের বিভিন্ন পরীক্ষার প্রস্তুতি সহ অন্যান্য ক্ষেত্রে সহায়তা করার জন্য এবছর থেকে প্রতিমাসে দুহাজার ৫০০ টাকা করে আর্থিক সাহায্য প্রদান করা হবে । রাজ্য বা কেন্দ্রীয় সরকারের শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ২০২৫

সালে স্নাতক ডিগ্রী লাভ করা যুবক যুবতীরা এই প্রকল্পের জন্য আবেদন করতে পারবে । শিক্ষার্থীদের আসামের স্থায়ী বাসিন্দা হতে হবে ।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যের মহিলারা কর্মপ্রেরণার মাধ্যমে কর্ম সংস্কৃতির সৃষ্টি করছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । আজ শোণিতপুর জেলার জামুগুড়িহাটে নদুয়ার বিধানসভা কেন্দ্রের জন্য মূখ্যমন্ত্রীর মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে প্রথম পর্যায়ের অর্থের চেক বিতরণ করে একথা বলেন । তিনি বলেন যে আত্ম-সহায়ক গোষ্ঠীসমূহ গঠন হবার পর রাজ্যের মহিলারা আর্থিক লেনদেনের ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন করা সহ বিভিন্ন কাজকর্মে স্বাবলম্বী হয়েছেন । এই প্রকল্পের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ে মহিলাদের ২৫ ও ৫০ হাজার টাকা প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী জানান । এই প্রকল্পটি সফলভাবে রূপায়নের জন্য তিনি একশটি বিধানসভা কেন্দ্র সফর করে মহিলাদের একেকজন উদ্যমী হিসেবে গড়ে তোলার জন্য উৎসাহিত করেছেন বলেও তিনি জানান । এই অনুষ্ঠানের পর মূখ্যমন্ত্রী গহপুরে প্রস্তাবিত শহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের স্থান পরিদর্শন করেন । উল্লেখ্য কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ৮ নভেম্বর এই বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । মূখ্যমন্ত্রী এই সভার প্রস্তুতির খোঁজ নিয়ে যাবতীয় নির্দেশ দেন ।

---------------------------------------------------------------------------------------------------

শিল্পী জুবিন গার্গের মৃত্যুর ঘটনার তদন্তের পর আগামী ১০ ই ডিসেম্বরের মধ্যে অভিযোগনামা দাখিল করা হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ পুনরায় জানিয়েছেন । সাংবাদিকদের কাছে মুখ্যমন্ত্রী লেন যে এই অভিযোগনামা ১৭ ডিসেম্বরের আগে দাখিল করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল যদি ও ৮ ই ডিসেম্বরের মধ্যে এই অভিযোগনামা দাখিলের জন্য মুখ্যমন্ত্রী পরামর্শ দিয়েছেন । অভিযোগনামা দাখিল প্রক্রিয়ায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের যেহেতু প্রয়োজন রয়েছে সেজন্য মুখ্যমন্ত্রি গতকাল এই অনুমোদন সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সংগে নতুনদিল্লীতে আলোচনা করেন বলে জানান । মুখ্যমন্ত্রী বলেন ----

বাইট

এদিকে আজ ও আসাম পুলিশের বিশেষ তদন্তকারী গোষ্ঠী বেশ কয়েকজন লোকের সাক্ষ্য গ্রহণ করে । জুবিন গার্গের সহযোগী কণ্ঠশিল্পী শতাব্দী বরার আজ পুনরায় সাক্ষ্য গ্রহণ করা হয় । একইভাবে সাংবাদিক তথা ইউটিউবার চক্রপানী পরাশরের ও আজ পুলিশ সাক্ষ্য গ্রহণ করে ।

---------------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতরাতে নতুনদিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সংগে সাক্ষাৎ করে রাজ্যের
সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন । কেন্দ্রীয় মন্ত্রীর নতুন দিল্লীর সরকারী বাসভবনে প্রায় আধ ঘন্টা সময়ধরে বৈঠকে আলোচনার সময় মুখ্যমন্ত্রী ড: শর্মা জুবিন গার্গের মৃত্যুকে কেন্দ্র করে রাজ্যে উদ্ভুত পরিস্থিতি , ছয় জনগোষ্ঠীর জনজাতিকরণ ইত্যাদি প্রসংগ উত্থাপন করেন । মুখ্যমন্ত্রী এই বৈঠকের কথা সামাজিক মাধ্যমে জানিয়ে বলেন যে আসামের বিকাশের গতি শক্তিশালী করার জন্য শ্রী শাহ নিরলস প্রচেষ্টা করে যাচ্ছেন ।

-----------------------------------------------------------------------------------------

ভারত সম্প্রতি কেবল প্রযুক্তির গ্রাহক নয় প্রযুক্তি ক্ষেত্র রূপান্তরের স্রষ্টা হিসেবে পরিগণিত হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন । আজ নতুনদিল্লীর ভারত মন্ডপমে অত্যাধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবন সম্মেলন-২০২৫ এর উদ্বোধন করে প্রধানমন্ত্রী ভাষণ প্রসঙ্গে একথা বলেন । তিনি বলেন যে প্রযুক্তির ক্ষেত্রে ভারতের উন্নয়ন ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে চলেছে । কেন্দ্রীয় সরকার দেশে উদ্ভাবনের ক্ষেত্রে অত্যাধুনিক ব্যাবস্থা উন্নত করার জন্য গবেষণা ক্ষেত্রের উন্নয়নে গুরুত্ব আরোপ করেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশের গবেষণা ও উন্নয়ন অধিক বিকশিত করে তোলার উদ্দেশ্যে ১ লক্ষ কোটি টাকার গবেষণা ,উন্নয়ন ও উদ্ভাবন প্রকল্পের জন্য অর্থ প্রদান করেন । আগামী ৫ নভেম্বর এই সম্মেলনের সমাপ্তি হবে । এর মাধ্যমে শিক্ষা , গবেষণা প্রতিষ্ঠান , শিল্প ও সরকারের পক্ষ থেকে তিন হাজারেরও অধিক প্রতিনিধি পরস্পরের সংস্পর্শে আসার সুযোগ পাবেন ।

-----------------------------------------------------------------------------------------

মহিলা বিশ্বকাপের ফাইনালে ভারতীয় দল চ্যাম্পিয়ন হবার পর ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রণ পর্ষদ বি সি সি আই ৫১ কোটি টাকার পুরস্কার ঘোষণা করেছে । খেলোয়াড় ,প্রশিক্ষক ,নির্বাচক ও সহায়ক কর্মচারী সকলের জন্য এই পুরস্কার ঘোষণা করা হয়েছে বলে বি সি সি আইয়ের সচিব দেবজিৎ শইকিয়া সংবাদ মাধ্যমকে জানিয়েছেন ।

উল্লেখ্য ভারত গতকাল রাতে আই সি সি মহিলা বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগীতায় প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হয়েছে । নবী মুম্বইয়ের ড.ডি ওয়াই পাতিল স্পোর্টস একাডেমীতে অনুষ্ঠিত ফাইনালে ভারত দক্ষিণ আফ্রিকাকে ৫২ রাণে পরাজিত করে চ্যাম্পয়নের খেতাব অর্জন করে । বিশ্বকাপ জয়ী ভারতীয় দলে আসামের উমা ছেত্রীও অন্যতম সদস্য হিসেবে ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

জাতীয় স্বাস্থ্য অভিযান , আসামের কর্মচারী সংস্থার আহ্বানে আজ থেকে স্বাস্থ্য অভিযানের কর্মচারীরা সমগ্র রাজ্যে বিক্ষোভ কার্যসূচী পালন করছেন । কর্মচারীদের সংশোধিত বেতনের হার বলবৎ করে বেতন সুরক্ষা প্রদান করা সহ বেতন আয়োগ ও উচ্চতম ন্যায়লয়ের রায় অনুযায়ী সমান কাজের জন্য সমান বেতন ও সমান অধিকার প্রদান করার দাবী জানানো হয় ।এছাড়া ২০২১ সালের আসাম গেজেট বিজ্ঞপ্তীকে সম্পূর্নভাবে কার্যকর করার আহ্বান জানিয়ে কর্মচারীরা রাজ্য সরকারের নিয়মিত কর্মচারীদের মতোই গ্র্যাচুইটি , পেনশন , মৃত্যুকালীন সুবিধা , সার্ভিস বুক সুবিধা সহ অন্যান্য সুবিধাগুলি স্বাস্থ্য অভিযানের কর্মচারীদের প্রদান করতে দাবী জানানো হয়েছে ।

শ্রীভূমি জেলায় ও আজ জাতীয় স্বাস্থ্য অভিযানের কর্মচারীরা করিমগঞ্জ অসামরিক হাসপাতালের সামনে একই দাবীর সমর্থনে বিক্ষোভ কার্যসূচী পালন করেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায়ও আগামী ৫ই নভেম্বর ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার চর্তুদশ প্রয়াণ দিবস যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হবে । এ উপলক্ষ্যে ঐদিন সকাল ১১টায় শ্রীভুমির জেলা ক্রীড়া সংস্থার মাঠে পাঁচ হাজার লোকের সমাবেশে মানব শৃংখল তৈরী করে সুধাকন্ঠের অমর সঙ্গীত মানুষ মানুষের জন্য সঙ্গীত পরিবেশন করা হবে । এই কার্য্যসূচীতে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সাংস্কৃতিক সংগঠনের কর্মকর্তা , এন সি সি , পঞ্চায়েত প্রতিনিধি , স্বেচ্ছাসেবী সংগঠন সহ সমাজের সর্বস্তরের জনগন অংশগ্রহন করবেন । জেলা প্রশাসন থেকে ডক্টর ভূপেন হাজারিকার প্রয়ান দিবসের অনুষ্ঠানে অংশগ্রহন করতে সর্বস্তরের জনগনকে অংশগ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আগামী বুধবার ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার মৃত্যু বার্ষিকীতে জেলা ক্রীড়া সংস্থার মাঠে মানব শৃঙ্খল গড়ে তোলা হবে । এই মানব বন্ধনে সুধাকন্ঠের অমর সংগীত মানুষ মানুষের জন্য সঙ্গীত পরিবেশন করা হবে । এতে রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । জেলা আয়ুক্ত অভিষেক জৈন আজ প্রস্তুতি পর্ব খতিয়ে দেখে জানান যে মানব শৃঙ্খলে প্রায় পাঁচ হাজার লোক অংশ নেবেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগেও আগামী ৫ই নভেম্বর ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার প্রয়ান দিবস বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হবে । জেলা

আয়ুক্ত মুনিন্দ্র নাথ নাগাতে জানিয়েছেন যে হাফলং-এর লাল ফিল্ডে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী নন্দিতা গারলোসা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া মানব শৃঙ্খল গঠন করে সুধাকণ্ঠের সঙ্গীত মানুষ মানুষের জন্য সঙ্গীত পরিবেশন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে ১৫ দিনব্যাপী আয়োজিত কার্যসূচীর অঙ্গ হিসেবে আজ জেলার চারটি শিক্ষা প্রতিষ্ঠানে সেমিনার , বিতর্ক ও রচনা প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । এই চার শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে-পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , ইন্দ্র কুমারী গালর্স উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , লালা রুরেল কলেজে এবং কাটলিছড়ার এস কে রায় কলেজ । আগামীকাল বৃক্ষরোপন কার্যসূচী , আগামী ৬ই নভেম্বর স্বাস্থ্য শিবির , ফিটনেস এন্ড সচেতনতা কার্যসূচী , অমৃত সরোবর, ১০ই নভেম্বর সাফাই অভিযান অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------